টিজি – ফেম সিরিজ

(টার্গেট গ্রুপ আর্থিক সচেতনতা বার্তা)




# বিত্তীয় সাক্ষরতা



## উদ্যমীদের জন্য

বিত্তীয় অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

| বার্তা - ১ |
|---|
| জামানত ছাড়া ঋণ - হ্যাঁ, এটি সম্ভব |

| বার্তা - ২ |
|---|
| লোনের আবেদন প্রণালী |

| বার্তা - ৩ |
|---|
| লোনের আবেদন নিষ্পত্তির জন্য বিসিএসবি আই দ্বারা নির্দিষ্ট করা সময়সারণি |

| বার্তা - ৪ |
|---|
| উদ্যমীদের আর্থিক শর্ত জানা জরুরি |

| বার্তা - ৫ |
|---|
| টানাটানির সময় আগবাড়িয়ে ব্যাঙ্ককে আবেদন করুন |



## বার্তা - ১ : জামানত ছাড়া ঋণ - হ্যাঁ, এটি সম্ভব



# ক্রেডিট গ্যারান্টি ট্রাস্ট

ভারত সরকারের মাইক্রো স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ মন্ত্রক ও স্মল ইন্ডাস্ট্রিজ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যৌথ উদ্যোগে বিনা জামিন ও তৃতীয় ব্যক্তির জামানত ছাড়াই এমএসই সেক্টরের উদ্যোগীদের জন্য ঋণের বন্দোবস্ত

দি ক্রেডিট গ্যারান্টি ফান্ড ট্রাস্ট ফর মাইক্রো অ্যান্ড স্মল এন্টারপ্রাইজেস ২ কোটি টাকা পর্যন্ত কভারের সুবিধা দেবে

CGTMSE
www.cgtsme.in

দি ক্রেডিট গ্যারান্টি ফান্ড ট্রাস্ট ফর মাইক্রো অ্যান্ড স্মল এন্টারপ্রাইজেস জামিন ও বার্ষিক ফি হিসেবে যা নেবে তা ঋণগ্রহীতাকে দিতে হবে।

এমএসই সেক্টরে ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের জন্য কোন জামানত না নেওয়ার জন্য ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক সমস্ত ব্যাঙ্কে নির্দেশ দিয়েছে।

## সাধারণ ক্রেডিট কার্ড




অকৃষি উদ্যোগীরা সাধারণ ক্রেডিট কার্ড নিয়ে ওয়ার্কিং ক্যাপিটাল ও টার্ম লোনের জন্য ব্যাঙ্ক থেকে ঋণের সুবিধা পেতে পারেন।

জিসিসি স্মার্ট কার্ড-ডেবিট কার্ড (বায়োমেট্রিক স্মার্ট কার্ড যা এটিএম-এ ও সোয়াইপ মেশিনে ব্যবহার করা যায় ও উদ্যোগীর পরিচয়, ধনসম্পত্তি, ক্রেডিট প্রোফাইল ইত্যাদি মজুত করতে সক্ষম) যে সব ক্ষেত্রে অ্যাকাউন্টটি বৈদ্যুতিন মাধ্যমে নেই, কার্ড-পাশবুক বা ক্রেডিট কার্ড সহ পাশবুক যাতে থাকবে ধারকের নাম, ঠিকানা, ছবি ঋণের সীমার বিবরণ, বৈধতার সময় ইত্যাদি হিসেবে জিসিসি সাময়িকভাবে দেওয়া যেতে পারে। এটি পরিচয়পত্র হিসাবে ব্যবহার হবে ও চলতি সমস্ত লেনদেনের বিবরণ রাখবে।

ঝুঁকি নির্ধাণ করে প্রত্যেকটি ক্ষেত্রে আলাদাভাবে ব্যাঙ্ক কার্ডটির ঋণের সীমা ঠিক করবে। জিসিসি-র মাধ্যমে নেওয়া সুদের হার ও ব্যাঙ্ক ঠিক করবে। একজন উদ্যোগী হিসেবে এটি আশা করা যায় যে আপনি জানবেন যে ব্যাঙ্ক আপনার ঋণের উপর কত চার্জ করবে।

## বার্তা - ২ : লোনের আবেদন প্রণালী

**পদক্ষেপ ১** — আপনার ব্যবসায়িক পরিকল্পনা ও আনুমানিক টাকার প্রয়োজনীয়তা নথিবদ্ধ করুন

আপনি উদ্যমী মিত্র পোর্টাল পরিদর্শন করতে পারেন বা সোজা ব্যাঙ্কে যেতে পারেন

UdyamiMitra / SIDBI — ব্যাঙ্ক

https://udyamimitra.in-এ অনলাইনে আবেদন করুন

**পদক্ষেপ ২** — ঋণের আবেদনপত্রের নম্বর ও প্রাপ্তিস্বীকার পত্র নিন

**পদক্ষেপ ৩** — আবেদনের উপর ব্যাঙ্ক-পোর্টাল-এর যা যা জিজ্ঞাস্য তার চটজলদি উত্তর দিন। সিদ্ধান্তের জন্য অপেক্ষা করুন।

**পদক্ষেপ ৪** — আপনার আবেদনপত্র অনুসরণ করুন আর দেখুন আবেদন মঞ্জুর হয়েছে না বাতিল হয়েছে।

## বার্তা - ৩ : লোনের আবেদন নিষ্পত্তির জন্য বিসিএসবি আই দ্বারা নির্দিষ্ট করা সময়সারণি


ব্যাঙ্কিং কোডস এবং স্ট্যান্ডার্ডস বোর্ড অফ ইন্ডিয়া আবেদনপত্রগুলি নিষ্পত্তির জন্য সময়সীমা বেঁধে দিয়েছে, যা সবদিক থেকে সম্পূর্ণভাবে সুষ্ঠু এবং সাথে ‘‘চেকলিস্ট’’ অনুসারে নথিপত্র দেওয়া হয়। ব্যাঙ্কিং কোডস এবং স্ট্যান্ডার্ডস বোর্ড অফ ইন্ডিয়া-র সদস্য ব্যাঙ্কগুলিকে নিম্নলিখিত নির্দেশ দেওয়া হয়েছে ঃ

- এমএসই ঋণের ক্ষেত্রে ঋণের সীমার জন্য বা বর্তমান ঋণের সীমা বর্ধিত করার জন্য ৫ লক্ষ টাকা পর্যন্ত ঃ ২ সপ্তাহ
- ঋণের সীমা ৫ লক্ষ টাকার বেশী ও ২৫ লক্ষ টাকা পর্যন্ত ঃ ৩ সপ্তাহ

এই কোডটি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা নিয়ন্ত্রণাধীন বা পর্যবেক্ষণাধীন ব্যাঙ্কগুলিকে দেওয়া নির্দেশাবলী পরিবর্তন বা বাতিল করে না এবং ব্যাঙ্কগুলি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা বিভিন্ন সময়ে দেওয়া নির্দেশগুলি প্রতিপালন করবে।

## বার্তা - ৪ : উদ্যমীদের আর্থিক শর্ত জানা জরুরি

### দৃশ্য ১ ঃ নিজস্ব পুঁজি দিয়ে ব্যবসা




সবজি বিক্রেতা নিজের ২০০০ টাকা পুঁজি খরচ করে কৃষকের সবজি কেনে আর ২৫০০ টাকায় বিক্রি করে। সে প্রত্যেক দিন ১০০ টাকা ঘরভাড়া দেয় ও ৫০ টাকা কর্মীকে দেয়। সে সবজি ২৫০০ টাকায় বিক্রি করে। সবজি বিক্রেতার দেওয়া ১০০ টাকা ঘরভাড়া ও ৫০ টাকা মজুরিকে ‘‘পরিচালন খরচ’’ বলা হয়। সবজি কেনার জন্য ২০০০ টাকাকে বলা হয় ‘‘ বিক্রিত মালের দাম’’।

এইক্ষেত্রে লাভ নিম্নলিখিতভাবে নির্ণয় করা যায়


লাভ = বিক্রয়মূল্য -- বিক্রিত মালের দাম -- পরিচালন খরচ = ২৫০০--২০০০ = ৩৫০ টাকা

### দৃশ্য ২ ঃ স্টক দায়বন্ধক রেখে ক্যাশ ক্রেডিটের সুবিধা





মনে করুন সবজি বিক্রেতা সমস্ত সবজি কেনার জন্য নিজস্ব কোন পুঁজি নেই বা তার ব্যবসা বাড়ানোর জন্য আরও বেশী পুঁজির দরকার, তাহলে সে তার খরিদ করা সবজি বন্ধক রেখে ব্যাঙ্কের থেকে ঋণ পেতে পারে। এই ধরনের ঋণকে ক্যাশ ক্রেডিট বলে এবং নিজস্ব চলতি সম্পত্তি বন্ধক রেখে ব্যাঙ্ক ঋণ দেয়।

ঋণের পুরো টাকা একসাথে তোলার দরকার নেই কেবল যখন যেমন দরকার তোলা উচিত। এই ধরনের ঋণের সুদ শুধু বাকি টাকার উপর ধার্য হয়, পুরো ঋণসীমার উপর নয়।




## দৃশ্য ৩ ঃ পাওনা টাকায় পুঁজি




ব্যবসাতে প্রায়শই ধার দিতে হয় যার মানে হলো সম্মতিক্রমে গ্রাহকদের কাছ থেকে ভবিষ্যতের কোন তারিখে টাকা পাওয়া। যখন এটা হয় তখন পরের দিন মালপত্র কেনার জন্য এবং ভাড়া ও মজুরি মেটানোর জন্য যথেষ্ট টাকা থাকে না। যে টাকাগুলি সম্মতিক্রমে ভবিষ্যতের কোন দিন পাওয়া যাবে সেগুলিকে বলে 'রিসিভেবলস' এবং গ্রাহক যার থেকে ভবিষ্যতে টাকা আশা করছে তাকে বলে 'ডেটর'। এইরকম অবস্থায় যখন বিক্রির টাকা পেতে দেরী হচ্ছে, টাকার চাহিদার জন্য ব্যবসা বন্ধ হওয়ার দরকার নেই। সবজি বিক্রেতা ব্যাঙ্কে গিয়ে তার রিসিভেবলস-এর ভিত্তিতে ঋণের আবেদন করতে পারে। ব্যাঙ্ক রিসিভেবলস-এর থেকে অল্প একটা মার্জিন কমিয়ে ঋণ দেয়। ঋণের উপর সুদ শুধু বাকি টাকার উপর ধার্য হয়।

## দৃশ্য ৪ ঃ স্থায়ী সম্পদগুলির ক্রয় ও তাদের হিসাব




এখন যখন লাভের অঙ্ক বেড়েছে, সবজি বিক্রেতা দোকানের জন্য একটি চেয়ার ও টেবিল কিনবে ঠিক করে এবং ২০০ টাকা দিয়ে এই আসবাবগুলি কেনে।

কিন্তু তার মনে এক দ্বন্দ্ব চলছিল যে এই ২০০ টাকার খরচটা কি এই বছরের লাভের থেকে কমিয়ে দেবে যদিও এই আসবাবগুলি আগামী ১০ বছর ধরে ব্যবহার করবে? যদি তাই করে তো লাভ ২০০ টাকা কমে যাবে। সে ভাবলো এই আসবাবগুলি তো ১০ বছর যাবে ফলে লাভের থেকে আসবাবের খরচের ১/১০ ভাগ কমাই। যদি তাই সে করে তো বর্তমান বছরে যে টাকাটা চার্জ করা হলো তাকে বলে ''ডেপ্রিসিয়েশন''। ব্যবসা চালানোর জন্য যে কোন এমন জিনিস যদি কেনা হয় যা ১ বছরের বেশী চলে তাকে ''ফিক্সড অ্যাসেট'' বা স্থায়ী সম্পদ বলে। এই অ্যাসেটের উদাহরণ জমি, বাড়ি, মেশিনারি, ইক্যুইপমেন্ট ইত্যাদি।

ফিক্সড অ্যাসেটের স্থায়িত্বের উপর নির্ভর করে প্রতি বছর ফিক্সড অ্যাসেটের মূল্য কম করতে হবে। এই কম করা রাশিকে যা সেই বছরের খরচ হিসেবে দেখানো যেতে পারে, ডেপ্রিসিয়েশন বলা হয়।

## দৃশ্য ৫ ঃ দীর্ঘমেয়াদী ঋণ



ব্যবসা যেমন বাড়তে থাকলো, সবজি বিক্রেতা দেখলো যে সবজিগুলির পচে যাওয়ার সম্ভাবনা আছে এবং তাকে গ্রাহকদের না কেনা অনেক সবজি ফেলে দিতে হয়। ফলতঃ লাভ কমে যাচ্ছিলো। সে ভাবলো যদি সবজিগুলো ঠাণ্ডা রাখার বন্দোবস্ত করা যায় তবে সবজিগুলি অনেকদিন তাজা থাকবে এবং সবজি কম নষ্ট হবে। এই ব্যাপারে খোঁজ করতে গিয়ে সে দেখলো একটা ভালো ফ্রীজারের দাম ২০০০০ টাকা জানতে পারে। সে জানতে পারে http://udyamimitra.in - এই পোর্টালের মাধ্যমে ঋণ পাবে জানতে পেরে ব্যাঙ্কে ঋণের আবেদন করলো। তার আবেদনের প্রেক্ষিতে ১০% বার্ষিক সুদের হারের ভিত্তিতে ঋণ মঞ্জুর হলো। এই টাকায় সে একটি ফ্রীজার কিনলো এবং সবজি আরও দুদিন বেশী তাজা রাখতে সক্ষম হলো। ফলে সবজি বিক্রেতার লাভও অনেক বাড়লো।

**সংজ্ঞা ঃ মেয়াদী ঋণ**

যে ঋণ কোন বিশেষ উদ্দেশ্য-কাজের জন্য পাওয়া যায় ও দীর্ঘ সময় ধরে (এক বছর এবং তার বেশী) পরিশোধ করা যায় তাকে ''টার্ম লোন'' বা মেয়াদী ঋণ বলে।


### ব্যবসার সংক্ষিপ্ত বিবরণ

সবজি বিক্রেতা মোট বিক্রয় ১০ লক্ষ টাকা এবং বিক্রিত সবজির মূল্য ৮ লক্ষ টাকা ফলে থোক লাভ ২ লক্ষ টাকা। সে ভাড়া ও মজুরির জন্য দিয়েছে যথাক্রমে ৩৬০০০ টাকা ও ১৮ হাজার টাকা (বছরে ৩৬০ দিন ধরে)। ওর ক্যাশ ক্রেডিট খাতা বাকি বছরের শেষে ২০০০ টাকা। সহজভাবে বোঝার জন্য ধরা যাক বছরের প্রত্যেকদিন ২০০০ টাকা করে বাকি ছিল ও সুদের খাতে ক্যাশ ক্রেডিট খাতার বাকিতে মোট ২০০ টাকা সুদ দিয়েছে।

বছরের শেষদিনে ও মেয়াদী ঋণে ৬০০০ টাকা পরিশোধ করেছে এবং ব্যালান্স শীট অনুযায়ী ঋণে বাকি ১৪০০০ টাকা। ২০০০ টাকা মেয়াদি ঋণের জন্য বছরে সুদ হিসেবে চার্জ করা হয়েছে। ফলে বছরে মোট সুদ দেওয়া হয়েছে ২২০০ টাকা। ফ্রীজার ও আসবাবের ওপর যথাক্রমে ২০০০ টাকা ও ২০ টাকা ডেপ্রিসিয়েশন মারফত বছরে খরচ দেখানে হয়েছে। ডেপ্রিসিয়েশনের মোট খরচ ২০২০ টাকা ফ্রীজার ও আসবাবের স্থায়িত্ব ১০ বছর ধরে নিয়ে ১০% হিসাবে ডেপ্রিসিয়েশন ধরা হয়েছে। ফলে ফিক্সড অ্যাসেটের ডেপ্রিসিয়েটেড মূল্যের নীট ডেপ্রিসিয়েশন হলো ১৮১৮০ টাকা (২০০০০-২০২০)।

| লাভ ও ক্ষতির বর্ণনা | | | তুলন পত্র | | |
|---|---|---|---|---|---|
| বিক্রয় | : | টা. ১০০০০০০ | **পরিসম্পদ** | | |
| সিওজিএস | : | টা. ৮০০০০০ | নগদ | : | টা. ১৩৯১০০ |
| থোক লাভ | : | টা. ২০০০০০ | পাওনা | : | টা. ২৫০০ |
| | | | স্থায়ী সম্পদ | : | টা. ১৮১৮০ |
| পরিচালন খরচ | | | মোট সম্পদ | : | টা. ১৫৯৭৮০ |
| ভাড়া | : | টা. ৩৬০০০ | | | |
| মজুরি | : | টা. ১৮০০০ | **দায়িতা** | | |
| পরিচালন লাভ | : | টা. ১৪৬০০০ | ক্যাশ ক্রেডিট | : | টা. ২০০০ |
| সুদ | : | টা. ২২০০ | মেয়াদী ঋণ | : | টা. ১৪০০০ |
| ডেপ্রিসিয়েশন | : | টা. ২০২০ | মালিকের পুঁজি | : | টা. ২০০০ |
| করপূর্ব লাভ | : | টা. ১৪১৭৮০ | লাভ | : | টা. ১৪১৭৮০ |
| | | | মোট দায়িতা | : | টা. ১৫৯৭৮০ |

## বার্তা - ৫ : টানাটানির সময় আগবাড়িয়ে ব্যাঙ্ককে আবেদন করুন




উপরোক্ত অবস্থাতে আপনি ব্যাঙ্কের শাখায় বা ব্যাঙ্ক দ্বারা গঠিত জেলা-ডিভিশন-ক্ষেত্রীয় কমিটিতে আবেদন করতে পারেন।
ব্যাঙ্ক-কমিটি আপনার টানাপোড়েন মেটাতে বিভিন্ন রাস্তার অনুসন্ধান করবে।

### শোধন

ব্যাঙ্ক-কমিটি অ্যাকাউন্টটি নিয়মিত করার জন্য কিছু বিশেষ কর্ম ও সময় নির্বন্ধর নির্দেশ করে আপনার দায়বদ্ধতা চাইতে পারে। তারা দরকারমাফিক অতিরিক্ত ঋণেরও বন্দোবস্ত করতে পারে।

### পুনর্গঠন

অ্যাকাউন্টটি যদি টিকিয়া থাকিতে সক্ষম হয় এবং যদি সুনিশ্চিত হয় শোধ করার অক্ষমতা আপনার ইচ্ছাকৃত নয় (টাকা সরান, প্রতারণা, বেআইনি কাজ প্রভৃতি) তবে অ্যাকাউন্টটি পুনর্গঠনের সম্ভাবনা চিন্তা করা যেতে পারে।

### পুনরুদ্ধার

যদি ব্যাঙ্ক-কমিটি মনে করে যে এই দুটি রাস্তাই সম্ভাব্য নয় তবে আপনার উদ্যোগ থেকে ঋণ পুনরুদ্ধারে সচেষ্ট হবে।

## আর্থিক পরিভাষাগুলির বিবরণ

| | |
|---|---|
| **লাভ ও ক্ষতির বিবরণ** | কোম্পানির আয় ও ব্যয়ের বিবরণ যা একটি বিশেষ সময়কালের জন্য তৈরি করা হয় (সাধারণত এপ্রিল ১ থেকে মার্চ ৩১) |
| **তুলন পত্র** | কোন বিশেষ তারিখে কোম্পানির পরিসম্পদ ও দায়িতার বিবরণ |
| **আয়** | পণ্য ও পরিষেবা বিক্রয়ের মারফত পাওয়া রাশি, এটিতে নগদ ও ধারে বিক্রয় দুটিই ধরা হবে। |
| **বিক্রিত পণ্যের দাম** | এটি গ্রাহকদের বিক্রয় করা পণ্যের প্রত্যক্ষ উৎপাদন বা কেনার খরচ। |
| **মোট লাভ** | আয় এবং বিক্রিত পণ্যের দামের অন্তর হচ্ছে মোট লাভ। এর মধ্যে ভাড়া, বেতন ইত্যাদি পরিচালন খরচ ধরা হয় না। |
| **পরিচালন খরচ** | খরচ যেগুলি প্রত্যক্ষভাবে পণ্যের উৎপাদন বা ক্রয়ের সাথে যুক্ত নয় যেমন বেতন, এসজিএন্ডএ (সেলিং, জেনারেল ও অ্যাডমিনিস্ট্রেটিভ খরচ) |
| **সুদ** | ঋণরাশির বাকির ওপর ঋণদাতাকে যে চার্জ দিতে হয়। |
| **মূল্যহ্রাস** | ফিক্সড অ্যাসেট (স্থায়ী সম্পদ)-এর স্থায়িত্বর ভিত্তিতে বাৎসরি চার্জ। ডেপ্রিসিয়েশন আয়-ব্যয় খরচ হিসেবে দেখানে হয়। |
| **করপূর্ব লাভ** | মোট লাভ - পরিচালন খরচ - সুদ - ডেপ্রিসিয়েশন |
| **পরিসম্পত** | বর্তমান পরিসম্পদ যেমন নগদ, জমা পণ্য ও স্থায়ী সম্পদ যেমন প্ল্যান্ট ও মেশিনারি |
| **দায়িতা** | অংশীদারের পুঁজি, বর্তমান দায়িতা যেমন পাওনাদা স্বল্পমেয়াদী ঋণ যা এক বছরে মধ্যে শোধ করতে হবে এবং মেয়াদী ঋণ (যা এক বছর পরে দিতে হবে) |
| **পাওনা** | সম্মতিক্রমে গ্রাহকদের থেকে ভবিষ্যতের কোন তারিখে যে টাকা পাওয়া যাবে। |
| **বর্তমান পরিসম্পত** | বর্তমান পরিসম্পতের মধ্যে পড়ে নগদ পাওনা টাকা চলতি সম্পত্তি যা চটজলদি নগদে পরিণত করা যেতে পারে। |
| **স্থায়ী সম্পদ** | সম্পদ যা দীর্ঘ সময়ের জন্য ব্যবহৃত করা যায় ও সাধারণভাবে ব্যবসার কাজে বিক্রয় করা হয় না। |
| **ক্যাশ ক্রেডিট** | দৈনন্দিন ব্যবসা চালানোর এবং বর্তমান পরিসম্পদ নিয়ন্ত্রণে কার্যকর পুঁজির জন্য ঋণ |
| **মেয়াদী ঋণ** | দীর্ঘমেয়াদী ঋণ যা সাধারণত স্থায়ী সম্পদ কেনার জন্য নেওয়া হয় ও দীর্ঘ সময় ধরে কিস্তিতে মেটানো হয়। |
| **শেয়ার পুঁজি** | অংশীদারের পুঁজি যা কোম্পানির মালিকানার প্রতীক। |

## এমএসএমইদের জন্য সাম্প্রতিক উদ্যোগ

| | |
|---|---|
| **ট্রেড রিসিভেবল ডিসকাউন্টিং সিস্টেম** | আপনি কি আপনার খরিদদারদের থেকে দেরীতে টাকা পাওয়ার সমস্যায় ভুগছেন? তাহলে আপনি আপনার পাওনা TReDS-এর মাধ্যমে ডিসকাউন্ট করতে পারেন। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা আজ্ঞাপ্রাপ্ত তিনটি সংস্থা - প্ল্যাটফর্মটি পরিচালন করছেন যথা RXIL, Mynd Solution এবং A TReDS |
| **সার্টিফায়েড ক্রেডিট কাউন্সেলর** | অবগতির অভাবে ব্যবসায়িক পরিকল্পনা তৈরি করতে না পারায় আর্থিক দস্তাবেজ রক্ষণে অসমর্থ হওয়ায় কি আপনি ব্যাঙ্কে এমএসএমই ঋণের আবেদন করতে দ্বিধাবোধ করছেন? আপনি সিডবি-র সাথে নথিভুক্ত সার্টিফায়েড ক্রেডিট কাউন্সেলরদের কাছে যেতে পারেন। এইসব কাউন্সেলরদের তালিকা http://udyamimitra.in/Home/ccc-তে উপলব্ধ। আপনার ব্যবসায়িক সিদ্ধান্তে এরা আপনার সহায়তা করতে পারবেন। |

*উপরের সংজ্ঞাগুলি সূচক মাত্র। এগুলি একটি শিল্প থেকে অন্যতে ব্যাখ্যার ভিত্তিতে আলাদা হতে পারে।

# লক্ষ্য-নির্দিষ্ট বিত্তীয় সাক্ষরতার উপাদান

শ্রী দীপক মহান্তি, কার্যবাহী নির্দেশক, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, বিত্তীয় অন্তর্ভুক্তির উপর মিডিয়াম টার্ম পাথ নামাঙ্কিত কমিটির সভাপতিত্বকালীন সুপারিশ করেন ''সবার জন্য একই সাইজ'' এই রাস্তা আর্থিক শিক্ষার জন্য হয়তো আদর্শ নয় কারণ বিভিন্ন অভিষ্ট সমষ্টি-দল-এর বিভিন্ন ধরনের আর্থিক শিক্ষার প্রয়োজন। ফলত বিভিন্ন লক্ষিত দলের জন্য তথ্যের বিষয়সূচী আলাদা হওয়ার প্রয়োজন। বিত্তীয় অন্তর্ভুক্তি এবং উন্নয়ন বিভাগ, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আর্থিক সাক্ষরতার বিষয়সূচী আলাদাভাবে পাঁচটি সমষ্টির জন্য তৈরি করছে - কৃষক, ছোট উদ্যোগী, বিদ্যালয়ের ছেলেমেয়ে, স্বনির্ভর গোষ্ঠী, প্রবীণ নাগরিক। এই বইটি আর্থিক সাক্ষরতার উপর এমনই পাঁচটি বইয়ের একটি।

**ডিসক্লেমার**

পাঠকদের আথিক সাক্ষরতা প্রাপ্তির আন্তরিক লক্ষ্যে এই বইটি পড়া ও পড়ানোর জন্য প্রস্তুত করা হয়েছে। এই বইয়ের উদ্দেশ্য নয় কোন পাঠককে বর্ণিত কোন যোজনা বা পরিষেবা সম্বন্ধে প্রভাবিত করা।

কপিরাইট

প্রথম সংস্করণ, এপ্রিল ২০১৮

উৎস স্বীকার শর্তে প্রতিলিপি করাতে কোন আপত্তি নেই

লেখা এবং মুদ্রণ
বিত্তীয় অন্তর্ভুক্তি ও বিকাশ দপ্তর
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
১০ম তল, সেন্ট্রাল অফিস বিল্ডিং
শহীদ ভগত সিং মার্গ
ফোর্ট, মুম্বই

কৃতজ্ঞতা স্বীকার
ডিজাইন ঃ কৌশিক রামচন্দ্রন

**বিত্তীয় অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ**
**ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক**
১০ম তল, সেন্ট্রাল অফিস
মুম্বই - ৪০০ ০০১. ভারত